



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, ডুমুরিয়া, খুলনা
doict.dumuria.khulna.gov.bd

৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভার সভাপতি :	মোঃ আবদুল ওয়াদুদ উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা
সভার তারিখ :	২৯-১১-২০২০ খ্রিস্টাব্দ
সভার সময় :	দুপুর ০২:০০টা
সভার স্থান :	অফিসার্স ক্লাব

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে দেশের সকল শ্রেণির জনগণ আইসিটির যে সুফল ভোগ করতে পেরেছে তা আজকের এই বাস্তব ডিজিটাল বাংলাদেশের জন্যই সম্ভব হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নির্দেশনা মোতাবেক আগামী ১২ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠেয় ৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ অত্যন্ত গুরুত্ব সহকারে উদযাপনের নিমিত্ত সকলের আন্তরিক ও স্বতঃস্ফূর্ত সহযোগিতা কামনা করা হয়। ৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ এর প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে “যদিও মানছি দুরত্ব তবুও আছি সংযুক্ত”। বিস্তারিত আলোচনার পূর্বে দিবস উদযাপনের বিষয়ে সহকারী প্রোগ্রামার এর নিকট জানতে চাওয়া হয়। সহকারী প্রোগ্রামার জানান যে, ৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ উদযাপনের নিমিত্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং আজকের সভার সিদ্ধান্তের আলোকে কর্মসূচি গ্রহণ করা হবে।

০২। অতঃপর ৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ উদযাপনের উপলক্ষ্যে বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয় :

সিদ্ধান্ত ও কর্মসূচি :

ক্রম	তারিখ ও সময়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	১২/১২/২০২০ সকাল ০৯:৩০ টা	মূল অনুষ্ঠানটি সরাসরি মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে সম্প্রচার করতে হবে।	সহকারী প্রোগ্রামার সহকারী প্রোগ্রামার (ব্যানবেইস) উদ্যোক্তা, উপজেলা ডিজিটাল সেন্টার
০২	১২/১২/২০২০ সকাল ১০:৩০ টা	“যদিও মানছি দুরত্ব তবুও আছি সংযুক্ত” শিরোনামে সেমিনার আয়োজিত হবে।	সংশ্লিষ্ট কমিটি
০৩	১০/১২/২০২০ সকাল ১১:০০ টা	“ডিজিটাল বাংলাদেশ” বিষয়ের উপর ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করতে হবে।	উপজেলা কৃষি অফিসার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার উপজেলা সমাজসেবা অফিসার
০৪	১০/১২/২০২০ সকাল ১১:৩০ টা	“আমার তুলিতে ডিজিটাল বাংলাদেশ” বিষয়ের উপর ১ম হতে ৫ম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার সহকারী প্রোগ্রামার (ব্যানবেইস)
০৫	০১/১২/২০২০ হতে ০৮/১২/২০২০	quiz.digitalbangladesh.gov.bd ওয়েবসাইটে ০৭/১২/২০২০ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত অনলাইন কুইজ প্রতিযোগিতার নিবন্ধনে সকলকে উদ্বুদ্ধ করার জন্য যথাযথ প্রচার করতে হবে।	সংশ্লিষ্ট কমিটি

		০৮/১২/২০২০ খ্রিস্টাব্দ তারিখ রাত ০৯টা হতে ১০টা পর্যন্ত অনলাইন কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য যথাযথ প্রচার করতে হবে।	
০৬	০১/১২/২০২০ হতে ১২/১২/২০২০	উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ব্যানার ও ক্রস স্ট্যান্ড প্রদর্শনের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করতে হবে।	সংশ্লিষ্ট কমিটি, ইউপি সচিব

৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ উদযাপন কমিটি :

- | | |
|---|------------|
| ০১. উপজেলা নির্বাহী অফিসার | আহবায়ক |
| ০২. সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ০৩. উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| ০৪. উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য |
| ০৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ০৬. উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ০৭. ইন্সট্রাক্টর রিসোর্স সেন্টার | সদস্য |
| ০৮. সহকারী প্রোগ্রামার (ব্যানবেইস) | সদস্য |
| ০৯. অধ্যক্ষ, শাহপুর সরকারি কলেজ, ডুমুরিয়া কলেজ/ মহিলা কলেজ | সদস্য |
| ১০. অধ্যক্ষ, বিয়াম ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ | সদস্য |
| ১১. প্রধান শিক্ষক, ডুমুরিয়া সরকারি বালিকা বিদ্যালয় | সদস্য |
| ১২. প্রধান শিক্ষক, গুটুদিয়া এজিসিবি/এনজিসি এন্ড এনসিকে বিদ্যালয় | সদস্য |
| ১৩. প্রধান শিক্ষক, সাজিয়াড়া মডেল সঃ প্রাঃ বিঃ | সদস্য |
| ১৪. সহকারী প্রোগ্রামার | সদস্য সচিব |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সম্পাপ্তি ঘোষণা করা হয়।



২০/১১/২০২০
মোঃ আবদুল ওয়ায়দুদ
উপজেলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা।

স্মারক : ৫৬.০৪.৪৭৩০.০০১.২৩.০১০.১৮-২৬

তারিখ : ০১/১২/২০২০ খ্রিস্টাব্দ

বিতরণ :

- ০১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০২। জেলা প্রশাসক, খুলনা।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা।
০৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা।
০৫। অফিসার, ডুমুরিয়া, খুলনা (সকল)।
০৬। অধ্যক্ষ, কলেজ, ডুমুরিয়া, খুলনা (সকল)।
০৭। প্রধান শিক্ষক, বিদ্যালয়, ডুমুরিয়া, খুলনা (সকল)।
০৮। সচিব, সকল ইউপি, ডুমুরিয়া, খুলনা। (ইউনিয়নের ওয়েবসাইটের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।


১১/১২/২০
মোঃ শাহাদাত হোসেন
সহকারী প্রোগ্রামার
ডুমুরিয়া, খুলনা।